

এই সময়

রাজনৈতিক সংবাদ ও
আপডেটেড খবরে No.1*

এই সময় রাখতে ফোন করুন টোল ফ্রি ১৮০০ ১২০০ ০০৮

সং বা দ প ত্র

অথবা ক্লিক করুন subscribe.timesgroup.com

YOUNG BENGAL

GLOBAL BENGALI

১ আষাঢ় ১৪৩০ শুক্রবার ১৬ জুন ২০২৩ শহর সংস্করণ ৫ টাকা ১২ পাতা কলকাতা

এই শহর/শহরতলি

৪

অস্থিমজ্জা প্রতিস্থাপন:

এগোচ্ছে বঙ্গ

এই সময়: গত ক'বছরে রক্তরোগ, বিশেষত ব্লাড ক্যান্সারের চিকিৎসায় অস্থিমজ্জা প্রতিস্থাপনে নজর কাড়ছে বাংলা। দেশের ১০% প্রতিস্থাপন এখন শুধু বাংলাতেই হচ্ছে। ঠাকুরপুকুরের সরোজ গুপ্ত ক্যান্সার সেন্টার অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউটের শততম অস্থিমজ্জা প্রতিস্থাপন উদ্‌যাপন-মঞ্চে এই সাফল্যের কথাই উঠে এল। জানানো হলো, এই প্রতিস্থাপন-যাত্রায় কারও মৃত্যু হয়নি। চিকিৎসকরা জানাচ্ছেন, দেশে প্রথম অস্থিমজ্জা প্রতিস্থাপন হয় ১৯৮৩-তে। প্রতিস্থাপনের সংখ্যায় গতি এসেছে গত ছ'-সাত বছরে। চিকিৎসকরা মনে করেন, কলকাতা মেডিক্যাল কলেজ এবং এনআরএসের হেমাটোলজি বিভাগে যে পঠনপাঠন শুরু হয়েছে, তার জেরেই বেড়েছে অস্থিমজ্জা প্রতিস্থাপনের নজির। ঠাকুরপুকুরের ওই ক্যান্সার হাসপাতালের অধিকর্তা অর্ণব গুপ্ত বলেন, 'আমরা অস্থিমজ্জা প্রতিস্থাপন শুরু করি ২০১৩ সালে। গত এক দশকে সফল ভাবে ১০০ রোগীর অস্থিমজ্জা প্রতিস্থাপন হয়েছে।' তিনি জানান, হেমাটোলজি বিশেষজ্ঞদের প্রশিক্ষণের জন্য ভিন রাজ্যের পাশাপাশি বিদেশেও পাঠিয়েছেন একাধিক বার।